



রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
ভেদভেদী, রাজশাহী-৪৫০০

লিয়ার্জো অফিসঃ ৩০/১, লেক সার্কাস (নিচ তলা), কলাবাগান, ঢাকা-১২০৫।

ফোন: রাজশাহী অফিস-০৩৫১-৬৩৮৯৩, মোবাইল : ০১৭০-৪৩৮৩৬৪২, ওয়েব: www.rmstu.edu.bd

স্মারক নংঃ রাবিপ্রবি/প্রশাঃশাঃ/শিক্ষাবৃত্তি/২০১৭/১৩৮

তারিখ : ৩০/১০/২০১৭ খ্রিঃ।

শিক্ষাবৃত্তি (মেধাবৃত্তি ও উপবৃত্তি) বিজ্ঞপ্তি

বিষয় : রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৭-২০১৮ অর্থবছরে শিক্ষাবৃত্তির (মেধাবৃত্তি ও উপবৃত্তি) জন্য আবেদনপত্র আহ্বান।

এতদ্বারা রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের রাজস্ব বাজেট হতে মেধাবী ও আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আগ্রহী শিক্ষার্থীকে নির্ধারিত আবেদন ফরম পূরণ পূর্বক প্রয়োজনীয় সংযুক্তিসহ আগামী ০৯ নভেম্বর ২০১৭ খ্রিঃ হতে ৩০ নভেম্বর ২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী প্রধান কার্যালয়, ভেদভেদী, রাজশাহী'র রেজিস্ট্রার কার্যালয়ে জমা করতে হবে। আবেদনপত্রের নমুনা ফরম ও এতদসংক্রান্ত অন্যান্য তথ্য রেজিস্ট্রার দপ্তর অথবা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.rmstu.edu.bd](http://www.rmstu.edu.bd) হতে সংগ্রহ করা যাবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী প্রার্থী বাছাই এর পরিপূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

শিক্ষাবৃত্তি (মেধাবৃত্তি ও উপবৃত্তি) আবেদনে আবশ্যিক সংযুক্তিসমূহ :

শিক্ষাবৃত্তি আবেদনের সাথে নিম্নলিখিত সনদ ও ছবি দাখিল করতে হবে :

১. আবেদনকারীর ২ (দুই) কপি পিপি সাইজের সত্যায়িত রঙিন ছবি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সংযুক্ত করতে হবে।
২. সর্বশেষ সমাপ্ত পরীক্ষার মার্কসীট/সার্টিফিকেট সংযুক্ত করতে হবে (সংশ্লিষ্ট বোর্ড প্রধান/অধ্যয়নরত বিভাগের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)
৩. পিতা/অভিভাবকের বাৎসরিক আয়ের সনদ (পিতা/অভিভাবক চাকুরীজীবী হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ এবং অন্যান্যদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত)।
৪. আবেদনপত্র রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বরাবর প্রেরণ করতে হবে।
৫. অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।



অঞ্জন কুমার চাকমা  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)